



## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৫৬০.১৪-৩৮৩৪


তারিখঃ ১৬/০৭/২০১৬ খ্রিস্টাব্দ।

জনাব এ কে এম রাশেদুজ্জামান  
হিসাব রক্ষক,  
ঢাকাস্থ সেলস সেন্টার,  
উত্তরা, ঢাকা।

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের ঢাকাস্থ সেলস সেন্টারে নিম্নস্বাক্ষরকারী বিগত ০২/০৭/২০১৬ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকায় পরিদর্শনে যান। আপনি ৩.০০ ঘটিকায় সেলস সেন্টারে উপস্থিত ছিলেন। পরবর্তীতে সেলস সেন্টারের হিসাব সম্বন্ধে জানতে চাইলে সেলস ম্যানেজার জানান আপনি বিনা অনুমতিতে সেলস সেন্টার ত্যাগ করেছেন। আপনার এই অনুপস্থিতির কারণে ঐদিন হিসাব যাচাই করা সম্ভব হয় নাই। উর্ধ্বতন কর্মকর্তা পরিদর্শনকালীন সময়ে আপনি বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করেছেন, যা আপনার দায়িত্ব ও কর্তব্য কাজে অণীহা এবং অবহেলাকে প্রকাশ করে। তাছাড়া, সেলস ম্যানেজার হতে জানা যায় আপনি প্রায়শঃ অফিসে অনুপস্থিত থাকেন।

এমতাবস্থায়, বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা ও পরিদর্শনকালীন সময়ে আপনার সেলস সেন্টার ত্যাগের সুনির্দিষ্ট কারণ আগামী ২১/০৭/২০১৬ খ্রিঃ মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো অন্যথায় আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
আরিফুল হক

উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৩

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. মোঃ আব্দুল আলীম, সেলস ম্যানেজার, ঢাকাস্থ সেলস সেন্টার, উত্তরা, ঢাকা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. সহকারী পরিচালক (প্রশাঃ, অর্থ, উন্নয়ন, প্রশিক্ষণ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. উপ-প্রকল্প পরিচালক (অর্থ ও উন্নয়ন) ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৫. প্রকল্প-পরিচালক ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি।